যুগান্তর

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৯:২৮ এএম

অন্যান্য

এসএসসি পরীক্ষা

# কেন্দ্র সচিবকে অব্যাহতি, ৭ শিক্ষককে বহিষ্কার

যুগান্তর প্রতিবেদন, ঢাকা উত্তর

প্রকাশ: ২২ এপ্রিল ২০২৫, ১০:৩২ এএম



Grameenphone

আপনজনের খেয়াল রাখুন আলো দিয়ে

সাভারে চলতি এসএসসি ও সমমানের পরীক্ষায় দায়িত্ব অবহেলা ও নিয়ম বহির্ভূতভাবে মোবাইল ফোন নিয়ে কেন্দ্রে প্রবেশের দায়ে সাত শিক্ষককে বহিস্কার করা হয়েছে। একইসঙ্গে ওই পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবকে অব্যাহতি দেওয়া হয়েছে।

সোমবার এসএসসির গণিত পরীক্ষা চলাকালে সাভার বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে। আর মঙ্গলাবর  উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আবু বকর সরকার এসব তথ্য নিশ্চিত করেন।

বহিষ্কৃতরা হলেন- এনাম আহম্মেদ, তমাল হোসেন, মো. আল মাহমুদ, কামরুন্নাহার রুমি, মো. ইমরান হোসেন,  নুপুর মল্লিক ও রাশিদা বেগম। আর অব্যাহতিপ্রাপ্ত কেন্দ্র সচিবের নাম এসএম রফিকুজ্জামান।

আবু বকর সরকার বলেন, সোমবার সাভার উচ্চ বালিকা বিদ্যালয় কেন্দ্র পরিদর্শনে গিয়ে দায়িত্ব অবহেলা ও নিয়ম বহির্ভূতভাবে মোবাইল ফোন ব্যবহার করতে দেখা যায়। এর জেরে সাত শিক্ষককে বহিষ্কার ও কেন্দ্র সচিবকে অব্যাহতি দেওয়া হয়।